# সৌদি আরবে আগুনে নিহত ৯ বাংলাদেশির মরদেহ দেশে পৌঁছেছে



ছবি: সংগৃহীত

সৌদি আরবের রাজধানী রিয়াদে সোফা তৈরির একটি কারখানায় অগ্নিকাণ্ডে নিহত ১৬ বাংলাদেশির মধ্যে নয়জনের মরদেহ বৃহস্পতিবার (২৭ আগস্ট) দেশে আনা হয়েছে।

বিকেল ৪টা ৫ মিনিটে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-৩৪০ ফ্লাইটে মরদেহগুলো হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। বিমানবন্দরে নিহতদের পরিবারের সদস্যদের পাশাপাশি উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী। আনুষ্ঠানিকতা শেষ হওয়ার পর স্বজনেরা মরদেহ নিয়ে নিজ নিজ গ্রামের পথে রওনা হন।




LENS ASIA

নিহতদের পরিচয় শনাক্ত করতে আঙুলের ছাপ পরীক্ষা করা হয়। এর মাধ্যমে ৯ জনের পরিচয় নিশ্চিত হওয়ার পর তাদের মরদেহ দেশে পাঠানোর ব্যবস্থা করা হয়।

গত ৯ আগস্ট রিয়াদের ওই সোফা কারখানায় আগুন লাগার ঘটনায় ১৬ বাংলাদেশি প্রাণ হারান। দুর্ঘটনার পর থেকেই নিহতদের মরদেহ দেশে ফেরানোর প্রক্রিয়া চলছিল।

এ দফায় দেশে আনা নয়জনের মধ্যে নওগাঁর আত্রাই উপজেলার বাসিন্দা সাতজন। তারা হলেন উদনপৈ গ্রামের মো. ফরিদ, গ-গোহালী গ্রামের রুবেল প্রামাণিক, কলিমউদ্দিন ইসলাম, মোহন আলী, তাঁর ছোট ভাই সুমন আলী, ডুবাই গ্রামের সোহেল রানা এবং পারকাসুন্দা গ্রামের আব্দুল জলিল সরকার।

অন্য দুজনের একজন নাটোরের নলডাঙ্গা উপজেলার মহিষডাঙ্গা গ্রামের রবিউল ইসলাম। আরেকজন রাজশাহীর বাগমারা উপজেলার মরুগ্রামের শ্যামল উদ্দিন।

পরিবারের আর্থিক স্বচ্ছলতা ও ভবিষ্যতের স্বপ্ন নিয়ে বিদেশে পাড়ি দেওয়া এসব শ্রমিকের আকস্মিক মৃত্যুতে স্বজনদের মধ্যে গভীর শোক নেমে এসেছে।